

পাতা ভর্তি রেটোরিক,লিমেরিক

আজাদ আলম

ভুতে পেয়েছে?

আমায় যদি প্রশ্ন কর খোদার খোদা কে
অকপটে জবাব দেব জানি না ভাই যে
সেবি যারে অসীম জেনে
বাঁধবো তারে সীমায় টেনে
মারবো কুড়াল নিজের পায়ে, ভুতে পেয়েছে!

ভেজাল

“ভেজাল, ভেজাল, ভেজালরে ভাই ভেজাল সারা দেশটায়”
হাওয়ায় ভেজাল খাওয়ায় ভেজাল, ভেজাল মনের তেষ্টায়
সুস্থ জ্ঞানের নাই পিপাসা, ফাঁদছি হাজার ফন্দি ফিকির
"বাঁচলে নিজে বাপের নাম" এই চাতুরীর চলছে জিকির
কোন দিকে যে যাচ্ছে সমাজ কিযে হবে শেষটায়।

সখের কবি

আমি একজন সখের কবি খসখসিয়ে কলম চালাই
ছয় লহমায় ফিনিশ করি সাধের ঘরের ছাদ ঢালাই
তাসের ঘর ভেঙ্গে গেলে
দাঁড় করাই ঠেলে ঠুলে
তা না হলে মুছে ফেলেই উর্ধ্বশ্বাসে দৌড়ে পালাই

মানব জন্তু

জন্ম থেকেই জন্তু জানে কোনটা নিজের খাদ্য খাবার
কোনো মন্ত্রণায় বদলায় না আদি আসল স্বভাব তার
জ্ঞানের তর্কে আমরা যেন সবজান্তা
কাজে কর্মে সে সব শুধু বাসি পান্তা
এতো জেনেও থেকেই গেলাম মস্ত বড় জানোয়ার!

ধাক্কা দিন

দে নারে ভাই জোরের সাথে দশমণি এক ধাক্কা
ঘুরে আসি এক ঠেলাতে গয়া কাশি আর মক্কা
গঙ্গা জলে গা ধুয়ে
জমজমের পানি খেয়ে
তৃপ্তি আসুক জীবনটাতে , ধর্মটা হোক রক্ষা

শপথ

দ্রোহের সিঁড়িপথ বড় পিচ্ছিল, বেসামাল হাঁটবোনা
জয়ের যাত্রাপথ বড় জটিল, মনোবল হারাবোনা
শব্দের হাঁকে হোক অথবা নিঃশব্দ ওঁত পেতে
স্বপ্নে, শয়নে হোক অথবা পথে যেতে যেতে
সত্যের ছায়ায় ছাড়া অন্য কোথাও দাঁড়াবোনা।

আফসোস

অন্তর, আমি পরিষ্কার, সব কিছুতেই মাথার দোষ
পচা বাসি সবি খায় ভাইরাসে তাই ভর্তি মগজ
যা বলি তা শোনে না,শুনলেও তা বোঝে না
না বুঝেও বোঝার ভান, আসল মানে খোঁজে না
দিনের শেষে রেজাল্ট আসে মস্ত বড় অণ্ডকোষ

তাইতো !

দারুণ একটা তাল ধরেছে, খাঁচার কাকাতুয়া
চিৎপটাং তার সপাং কথায়, আমি নাকি ভুয়া
অফিস পাড়ায় কাজ করি তাই, নামি অফিসার
বাসার সবার কাজ করে যে, নাম জানিনা তার
আপা বলতে আঁতে বাধে, হাঁকি কাজের বুয়া”।

সময়ের ডাক

নতুন প্রজন্ম ডাক দিয়েছে, ঐ দেখো তার হাতছানি
এক চেতনার উন্মাদনা, মুখে তাদের অমোঘ বাণী
‘সবার উপর মানুষ সত্য তাহার উপরে নাই’
ধর্ম কর্ম ধ্যানের ডাক, বেঁচে থাক এই মর্মটাই
সকল জীবের সেরা যারা, করবে কেন হানাহানি।

ঐতিহাসিক গোলমাল

ঐতিহাসিক সভায় শুনি কত, ঐতিহাসিক ভাষণ
জাতিসঙ্ঘ জারী করে শত , ঐতিহাসিক শাসন
স্থায়ী পাঁচের এক প্রতিনিধির ,ঐতিহাসিক কুটচালে
ন্যায্য দাবী ধুলোয় লুটোয়, ঐতিহাসিক শোরগোলে
প্যালেস্টাইনের হয়না পাওয়া, জাতিসংঘের আসন।

মৌন প্রেম

এই কথা তো সেই কথা নয়
যেই কথাটি মন বলতে চায়
একথা আর সে কথার ভিড়ে
আসল কথাটি ভিড়ে না তীরে
ঢেউয়ের ভাঁজে হারিয়ে যায়।